দৈনিক বাংলা

তারিখ 18 OCT 1994
পৃষ্ঠা ১ কলাম ৩

24

# কলেজে পিএইচডি শিক্ষক নিয়োগে বয়স ২ বছর শিথিল করা হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : বিসিএস শিক্ষা ক্যাডারে চাকরির বয়সসীমা ২ বছর শিথিল করা হচ্ছে। এমফিল ও পিএইচডি ডিগ্রীধারী চাকরি প্রার্থীরাই শুধুমাত্র এই শিথিলতার সুযোগ পাবেন।

বাংলাদেশ কর্মকমিশন সূত্রে জানা গেছে এমফিল ও পিএইচডি ডিগ্রীধারীদের শিক্ষা ক্যাডারে প্রভাষক পদে নিয়োগের ক্ষেত্রে বয়স গত সমস্যা দেখা দিয়ে থাকে। কারণ এমফিল ও পিএইচডি ডিগ্রী অর্জন করতে কমপক্ষে ২ থেকে ৫ বছর পর্যন্ত সময় লাগে, এই অতিরিক্ত সময় শিক্ষা ও গবেষণায় ব্যয় করায় এইসব ডিগ্রীধারীদের শিক্ষা ক্যাডারে চাকরি করার আর বয়স

(৪–এর পৃঃ ১–এর কঃ দ্রঃ)

## কলেজে পিএইচডি

(প্রথম পৃষ্ঠার পর)

থাকে না। অথচ এইসব গবেষকরা শিক্ষার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন।

এইসব দিক বিবেচনা করে পিএসসি গত বছর পিএইচডি ও এমফিল ডিগ্রীধারীদের শিক্ষা ক্যাডারে চাকরির বয়সসীমা দুই বছর শিথিল করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব পেশ করেছে।

একটি বিশ্বস্ত সূত্র জানায়, পিএসসির এই প্রস্তাব আলোচনা ও পর্যালোচনার পর এখন সিদ্ধান্ত গ্রহণের অপেক্ষায় আছে।

সূত্র জানায়, শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদের স্থায়ী কমিটির আগামী বৈঠকে এই প্রস্তাব চূড়ান্ত হবে।